গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ১৫.০২.২০২৩ খ্রি:

## ২০২২ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ, সিলেট হতে ২০২২ সালের ডিগ্রী (পাস) বি.এ/বি.এস.এস প্রাইভেট/ সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট প্রার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হলো:

**১. প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন ও কলেজে জমা দেয়ার সময়সীমা:**

ক) আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২৭.০২.২০২৩ তারিখের মধ্যে www.nu.ac.bd/admissions ওয়েবসাইট থেকে Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Deg. Private) অপশনের মাধ্যমে প্রার্থীগণ প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে এন্ট্রি করে আবেদন ফরম সংগ্রহ/ ডাউনলোড করতে হবে। প্রাইভেট সার্টিফিকেট কোর্সে আবেদনকারী প্রার্থীরাও একই অপশন থেকে আবেদন করতে পারবে।
খ) ১৬.০২.২০২৩ হতে ফি বাবদ (প্রাথমিক আবেদন-২৫০, রেজিস্ট্রেশন-৪৮৫, ব্যবস্থাপনা-৫০ ও ইনকোর্স ফি-২০০)= ৯৮৫/- (নয়শত পঁচাশি) টাকা "সোনালী ই সেবা" এর মাধ্যমে জমা দিতে পারবে।

## রেজিস্ট্রেশন ফি প্রদানের পদ্ধতি

**শিক্ষার্থীরা https://sbl.com.bd:7070 লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে "Admission Fee" বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফরম পূরণ** ফি পরিশোধ করবে। রেজিস্ট্রেশন ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ (Payment Slip) শিক্ষার্থী সংরক্ষণ করবে। উল্লেখ্য যে, প্রাইভেট কোর্সের সকলকে **"সোনালী ই-সেবা (Sonali eSheba)"** এর মাধ্যমে অবশ্যই টাকা জমা দিতে হবে।

গ) **সংশ্লিষ্ট কাগজপত্র পূরণকৃত অনলাইনের আবেদন ফরম ও "সোনালী ই সেবায়" এ প্রদত্ত ফি জমাদানের স্লিপ এবং বিষয়গুচ্ছ হতে বিষয়সমূহ ফরমের উপর লিখে আগামী ২৩.০২.২০২৩ হতে ২৮.০২.২০২৩ তারিখ (শুক্রবার ও শনিবার সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ১১.০০ টা থেকে বেলা ১.০০ টা পর্যন্ত তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিতে হবে।**

**২. স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা :**

ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষাবোর্ড হতে ২০২০ সাল বা তৎপূর্বে HSC ও সমমান পরীক্ষার ৪র্থ বিষয় সহ ন্যূনতম জিপিএ ২.০/ সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর এবং তৎসংশ্লিষ্ট SSC ও সমমান ন্যূনতম জিপিএ ২.০/ সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২২ সালের **স্নাতক (পাস) (বি.এ/বি.এস.এস ) কোর্সে প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে।** এছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে এইচ.এস.সি সমমান কোর্স সমূহ থেকে এইচ.এস.সি (ভোকেশনাল), ডিপ্লোমা ইন কমার্স, এইচ.এস.সি (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।
খ) O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২০ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে।
**গ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।**

ঘ) প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন পত্রে আবেদনকারীগণ কোর্সওয়ারী যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের জন্য নির্ধারিত **বিষয়সমূহঃ দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।**

**বিঃদ্রঃ একই অথবা ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (পাস),স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক(পাস) নিয়মিত প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

**৩. প্রাইভেট সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা :**

ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) উত্তীর্ণ প্রার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নে উল্লিখিত যে কোন কটি বিষয় নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

**বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।**

খ) বিষয়সমূহঃ দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি। সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০২২ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে।

গ) বিষয়সমূহঃ দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।

**৪. পাঠ্যক্রম ও পাঠ্যসূচী ঃ**

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ডিগ্রী (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে প্রাইভেট প্রার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে।

**৫.নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সংগে জমা দিতে হবে ঃ**

ক. মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপিসহ স্নাতক(পাস)/স্নাতক(সম্মান) পরীক্ষার সনদপত্র, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০১ সেট।

**খ. নিজ নাম-ঠিকানা-মোবাইল নম্বর লিখিত একটি বড় খামে (১০×১৪ সাইজের) সকল কাগজপত্র জমা দিতে হবে।**

**গ. সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষার অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।**

ঘ. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

৬. রেজিস্ট্রেশন/পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যদি কোন ভূল ত্রুটি ধরা পড়ে অথবা রেজিস্ট্রেশন/পরীক্ষা বাতিলের কোন প্রশ্ন উঠে তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলেই গণ্য হবে।

৭. বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শর্ত পূরণ না করলে কোন প্রার্থীকে রেজিস্ট্রেশন করা হবে না।

**৮. ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন কাগজপত্রাদি গ্রহণ করা হবে না। আদালতে বিচারাধীন/দন্ডপ্রাপ্ত ব্যক্তিগণ প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য পালনীয় শর্তাবলী পূরণ, উত্তম আচরণের প্রত্যয়নপত্র প্রদান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমতিক্রমে প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

**রেজিস্ট্রেশন সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions হতে জানা যাবে।**

১৫.০২.২০২৩

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুরারিচাঁদ কলেজ, সিলেট